

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৬৫

বিশালগড়, ২৮ নভেম্বর, ২০২৪

সিপাহীজলা জেলায় পর্যালোচনা সভায় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী

কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার

সুবিধা সঠিক সময়ে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে হবে

কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা সঠিক সময়ে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে হবে। সাধারণ মানুষ যেন তাদের প্রাপ্য অধিকার থেকে বঞ্চিত না হন। এই কাজে সরকারি কর্মচারীদের আরও বেশী দায়িত্ব নিতে হবে। গতকাল বিশ্রামগঞ্জে সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের জেলা পর্যায়ের পর্যালোচনা সভায় তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। তিনটি দপ্তরের পর্যালোচনা সভায় সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক তফাজল হোসেন, বিধায়ক অন্তরা সরকার দেব, বিধায়ক বিন্দু দেবনাথ, বিধায়ক কিশোর বর্মন সহ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, পুর পরিষদ ও নগর পঞ্চায়েতের চেয়ারপার্সনগণ উপস্থিত ছিলেন।

পর্যালোচনা সভায় মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেন, সরকারি অর্থের যেন অপচয় না হয় সেই দিকে বিশেষভাবে নজর দিতে হবে। বিভিন্ন প্রকল্প সঠিকভাবে রূপায়ণ করা হচ্ছে কিনা সেবিষয়ে জনপ্রতিনিধিদেরও নজর রাখতে হবে। জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে সরকারি প্রকল্পগুলি রূপায়ণ করার জন্য আহ্বান জানান। সভায় উপস্থিত বিধায়কগণ এবং ব্লক পরামর্শদাতা কমিটির চেয়ারম্যানগণ তাদের এলাকায় রূপায়িত বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি ও সমস্যা নিয়ে আলোচনা করেন। মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা জয়ন্ত দে, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা নিজ নিজ দপ্তরের বিভিন্ন প্রকল্পের অগ্রগতির তথ্য সভায় তুলে ধরেন। পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন সচিব দীপা ডি নায়ার, সিপাহীজলা জেলার জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার প্রমুখ।
